আলোচনা: ০৭ (২): ওয়ার্ড পর্যায়ে ইপিআই কর্মসুচি ও প্রাথমিক স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণ বিষয়ক আলোচনা: ডা. নাফিয়া ইসলাম, মেডিকেল অফিসার, এনসিসি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে তার বক্তব্য উপস্থাপন করেন। তিনি জানান– নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের বিভিন্ন ওয়ার্ডে ইউনিসেফের সহযোগিতায় নিয়োগকৃত কর্মীরা ইপিআইসহ প্রাথমিক স্বাস্থ্য সেবায় কাজ করে যাচ্ছে। এছাড়া নগর স্বাস্থ্য কেন্দ্র ও মাতৃসদন এবং কয়েকটি এনজিও প্রতিষ্ঠানের মাধ্যমে এ সেবা কার্যক্রম নগরীর ২৭ টি ওয়ার্ডে মানুষের দোড়গোড়ায় পৌছে দেয়া হচ্ছে। এ সেবার মান উন্নয়ণে প্রয়োজনীয় ভূমিকা রাখার জন্য প্রতি তিন মাসে সংশ্লিষ্ট কাউন্সিররগণের সভাপতিত্বে ইতোমধ্যে প্রতিটি ওয়ার্ডেই পরামর্শ সভা অনুষ্ঠিত হচ্ছে। এছাড়া আগামী আগষ্ট থেকে অক্টোবর/ ২০২৩ তারিখের মধ্যে নগরীর ২৭টি ওয়ার্ডে MACP প্রকল্পের মাধ্যমে SBCC কার্যক্রমের অংশ হিসেবে ওয়ার্ড উন্নয়ণ কমিটিকে (WDC) সচল ও সম্পৃক্ত করে ইপিআই কার্যক্রমকে জোরদার করণ ও নতুন ভ্যাকসিন সম্পর্কে অবগত করে কর্মশালা অনুষ্ঠিত হবে। ২৭টি ওয়ার্ডে এবারও পূর্বের ন্যায় ইপিআই কার্যক্রমে সম্পৃক্তদের সাথে কমিউনিটি ডায়লগ অনুষ্ঠিত হবে। এ কার্যক্রমকে সফল করার জন্য সম্মানীত কাউন্সিলরগণের একান্ত সহযোগীতা প্রয়োজন।

সিদ্ধান্ত: সভায় ইপিআই কার্যক্রমকে জোড়দার করনের পাশাপাশি প্রাথমিক স্বাস্থ্য সেবার মান বৃদ্ধিতে নগর স্বাস্থ্যকেন্দ্র সমূহ সচল রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব সর্ব সম্মতক্রমে গৃহীত হয়।
বাস্তবায়নে: স্বাস্থ্য বিভাগ এবং হিসাব শাখা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## আলোচ্যসুচি- ৮: ১৫ আগস্ট জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালন প্রসঙ্গে আলোচনা।

আলোচনা: সহকারী সচিব (অ:দা:) জানান যে, ১৯৭৫ সালের ১৫ আগস্ট- হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী, মহান স্বাধীনতার ঘোষক ও বাঙালী জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশী-বিদেশী শত্রুদের হাতে স্ব-পরিবারে নির্মমভাবে শহীদ হন। উক্ত দিনটি আমাদের দেশে জাতীয় শোক দিবস হিসেবে যথাযোগ্য মর্যাদায় বিভিন্ন কর্মসূচী গ্রহণের মাধ্যমে পালন করা হয়ে থাকে। সরকারি নির্দেশনা মোতাবেক প্রতি বছর নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন উক্ত দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালন করে থাকে। বিগত বছরগুলোর ধারাবাহিকতায় এবারও উক্ত দিনটি যথাযোগ্য মর্যাদায় পালনে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে সরকারী নির্দেশনা অনুযায়ী নানাবিধ কর্মসূচী পালন করা যেতে পারে। আগামী ৮ আগষ্ট জাতীর জনক এর সহধর্মিনী বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব এর ৯৩তম জন্ম বার্ষিকী উপলক্ষ্যে সরকারের অনুমোদিত “ক” শ্রেণীভুক্ত দিবস হিসেবে পালন করার জন্য কর্মসূচী গ্রহন করা যেতে পারে মর্মে সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে, সরকারী নির্দেশনা অনুযায়ী যথাযোগ্য মর্যাদায় ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ও ৮ আগষ্ট বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব এর ৯৩তম জন্ম বার্ষিকী উপলক্ষ্যে যথাযথ কর্মসূচী গ্রহণের মাধ্যমে উক্ত দিবস দুইটি পালন করার প্রস্তাব সর্ব সম্মতক্রমে গৃহীত হয়।
বাস্তবায়নে: প্রশাসন প্রশাসন, পরিচ্ছন্ন বিভাগ, প্রকৌশল বিভাগ, সমাজকল্যান বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## বিবিধ আলোচ্যসূচী-৯(১): নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন খানপুর ‘ম’ খন্ড মৌজাস্থিত সিএস ৩৮১ দাগের প্রায় ৬৬.০০ শতাংশ অব্যবহৃত ভূমি জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থার জেলা কার্যালয়ের অনুকূলে ভাড়া প্রদান প্রসঙ্গে আলোচনা।

আলোচনা: সহকারী সচিব (অ:দা:)জনাব মোহাম্মদ হান্নান মিয়া অনুমতিক্রমে জানান, জনাব মো: আবু নঈম বাদশা, যুগ্ম পরিচালক, জেলা এনএসআই, নারায়ণগঞ্জ কর্তৃক গত ১০/০৫/২০২৩ খ্রি: তারিখে দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে জনাব মো: কালাম মোল্লা, উপ-সহকারী প্রকৌশলী, নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন একটি প্রতিবেদ দাখিল করেন। প্রতিবেদনে তিনি জানান যে, ১৯৪ নং খানপুর ‘ম’ খন্ড মৌজাস্থিত ৫ খতিয়ানভুক্ত সিএস ৩৮১ দাগের ৯৭.০০ শতাংশ ভূমির মুল মালিক হিসেবে ভারত সম্রাট পক্ষে নারায়ণগঞ্জ মিউনিসিপ্যালিটি বর্তমানে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নামে রেকর্ড হয়। পরবর্তীতে এস.এ রেকর্ডে ৫৪৮ দাগে ৯৭.০০ শতাংশ ভূমি আব্দুল আজিজ গং এবং আর.এস রেকর্ডে ৩০৯ খতিয়ানে ৮৮/১০৭ দাগে ২৮.৩৮ শতাংশ ভূমি জাহানারা বেগম জং আব্দুল আউয়াল এর নামে রেকর্ড হয় এবং আর এস ৫৫১ খতিয়ানে ৮৮ দাগে ৬.০০ শতাংশ ভূমি মোঃ নুরুল ইসলাম, পিতা: মুন্সী ওয়াজউদ্দিন, ৯৭ খানপুর মেইন রোড এর নামে রেকর্ড হয়। উল্লেখ্য নবাব সলিমুল্লাহ রোড নির্মাণকালে বর্ণিত দাগের প্রায় ১৫.০০ শতাংশ ভূমি নিয়ে রাস্তা নির্মাণ করা হয়। সিএস ও এস এ নকশা ৯৭.০০ শতাংশ ভূমি থাকলেও আর.এস নকশায় ৬৬.০০ শতাংশ ভূমি পাওয়া যায়। কিন্তু ভূমি রেকর্ড হয় মাত্র (২৮.৩৮+৬.০০)=৩৪.৩৮ শতাংশ। রেকর্ড কম/ গড়মিল হয়েছে (৬৬-৩৪.৩৮)= ৩১.৬২ শতাংশ। বর্ণিত ৬৬.০০ শতাংশ ভূমির উত্তরাংশে সংযুক্ত নকশার ৮নং চিটা ৮.০০ শতাংশ ভূমি ১নং খাস খতিয়ান দাবী করে জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ স্কাউট ভবনের জন্য ভিত্তি স্থাপন করে। ১,২,ও ৩ নং চিটার প্রায় ২৮.০০ শতাংশ ভূমি নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্তৃক অস্থায়ী ভিত্তিতে মাসিক ভাড়াটিয়া হিসেবে ৩জনকে ভাড়া দেওয়া হয়। ৪নং চিটায় আনোয়ার পারভেজ বাদল, পিতা: মৃত-নুরুল ইসলাম এর

৬.০০ শতাংশ ভূমিতে টিনের ঘর রয়েছে, ৫নং চিটায় প্রায় ২১.০০ শতাংশ ভূমি খালি রয়েছে যা আবেদনকারী জাতীয় নিরাপত্ত গোয়েন্দা সংস্থার জেলা কার্যালয় সংলগ্ন পূর্বাংশে রয়েছে। ৬ নং চিটায় প্রায় ৩.০০ শতাংশ ভূমিতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্তৃক বানিজ্যিক মার্কেট নির্মাণ করা হয়। উল্লেখ্য উক্ত দাগের ভূমি নিয়ে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন বাদী হয়ে এসএ ও আর.এস রেকর্ড সংশোধনী ১৮৩/১১ নং ও ২) বিবাদী ফয়েজুর রহমান যাতে প্রবেশ করতে না পারে সে লক্ষে বাদী নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন ১৭২/২০১১ নং নিষেধাজ্ঞা মামলা এবং ৩) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনকে বিবাদী করে জাকিয়া মাহমুদ ১৪৪/২২নং আপিল মামলা করেছে যা বিচারাধীন রয়েছে। সিটি কর্পোরেশনের দখলে, আয়ত্তে, অবৈধ দখলমুক্ত রাখার স্বার্থে এবং মামলার কাজে দখল প্রমান করার সুবিধার্থে তফসিল বর্ণিত দাগের ভূমি সম্পূর্ন অস্থায়ী ভিত্তিতে জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থার নারায়ণগঞ্জ এর কার্যক্রম পরিচালনার জন্য মাসিক ভাড়া ভিত্তিতে মাসিক সভায় অনুমোদন করা সাপেক্ষে বিধি মোতাবেক ভাড়া দেয়া যেতে পারে। সভায় এ সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে, পরবর্তীতে উভয়পক্ষের আলোচনা স্বাপেক্ষে বিধি মোতাবেক ভাড়া দেয়ার প্রস্তাব সর্বসম্মতভাবে গৃহীত হয়।
বাস্তবায়নে: সম্পত্তি বিভাগ, হিসাব বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## বিবিধ আলোচ্যসুচি: ৯(২): বীর মুক্তিযোদ্ধা বা তার স্ত্রী'র নামের সাথে যৌথভাবে তাদের সন্তানদের অংশীদারিত্ব রয়েছে এরূপ কোন হোল্ডিংয়ের পৌরকর মওকুফ প্রসঙ্গে।

আলোচনাঃ সহকারী সচিব (অঃদাঃ) জনাব মোহাম্মদ হান্নান মিয়া অনুমতিক্রমে জানান, জনাব আছমা রহমান স্বামী: বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব মো: আজিজুর রহমান সাং- ১৩৪/৩নং অধ্যক্ষ খগেন্দ্রনাথ চক্রবর্তী রোড, ওয়ার্ড নং-১৩, নামে গত ০৯/০৫/২০২৩খ্রি: তারিখে তার মালিকানাধীন ১৩৪/৩নং অধ্যক্ষ খগেন্দ্রনাথ চক্রবর্তী রোড, ওয়ার্ড নং-১৩, এনসিসি হোল্ডিংয়ের পৌরকর (বীর মুক্তিযোদ্ধার স্ত্রী হিসেবে প্রাপ্যতা অনুসারে) আজীবন মওকুফের জন্য আবেদন জানিয়েছেন। তিনি আবেদনপত্রের সাথে তার প্রয়াত স্বামী আলহাজ্ব মো: আজিজুর রহমান এর বীর মুক্তিযোদ্ধা হিসেবে প্রয়োজনীয় পরিচয়পত্রাদি ও হোল্ডিংয়ের মালিকানা সংক্রান্ত দালিলিক প্রমানাদি দাখিল করেছেন এবং তিনি (স্ত্রী) এ ধরণের পৌরকর মওকুফ সুবিধা তার গ্রামের বাড়ী (ঠিকানা: বালিগাঁও, টঙ্গীবাড়ী, মুন্সিগঞ্জ) তে গ্রহণ করছেন না মর্মে সেখানকার ইউনিয়ন পরিষদ চেয়্যারম্যান এর প্রত্যয়ন পত্র দাখিল করেছেন।

স্থানীয় সরকার মন্ত্রণালয়ের পরিপত্রের মাধ্যমে বীর মুক্তিযোদ্ধাদের আবাসিক ১৫০০ বর্গফুট স্থাপনার পৌরকর মওকুফের সিদ্ধান্ত আছে। মাননীয় মেয়র মহোদয়ের অভিপ্রায় এবং বীর মুক্তিযোদ্ধাদের দাবীর প্রেক্ষিতে ও তাদের প্রতি সম্মাননা প্রদর্শনের অংশ হিসেবে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের গত ২৪ নভেম্বর, ২০২০ খ্রি: তারিখে অনুষ্ঠেয় বিগত পরিষদের ২৫তম সাধারণ সভায় ৮নং বিবিধ আলোচ্যসুচিতে, ১২ জানুয়ারী, ২০১৫ খ্রি: তারিখে অনুষ্ঠেয় বিগত পরিষদের ২৬তম সাধারণ সভায় বিবিধ ১৫নং বিবিধ আলোচ্যসুচিতে ও ১১ ডিসেম্বর, ২০১৩ তারিখের ১৮তম সাধারণ সভায় ১০নং আলোচ্যসুচিতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের অভ্যন্তরে স্থায়ীভাবে বসবাসরত এবং বীর মুক্তিযোদ্ধার অথবা তার স্ত্রী'র নামে একটি বাড়ীর/ দোকানের সম্পূর্ণ পৌরকর মওকুফের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। তবে ইতোপুর্বে শুধুমাত্র বীর মুক্তিযোদ্ধা অথবা তার স্ত্রী'র নামে ০১ টি হোল্ডিংয়ের তথা ০১টি বাড়ীর/ ০১ টি দোকানের সম্পূর্ণ পৌরকর আজীবন মওকুফের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলেও মুক্তিযোদ্ধা বা তার স্ত্রীসহ সন্তানদের যৌথ মালিকানায় হোল্ডিং থাকলে সেক্ষেত্রে পৌরকর মওকুফের বিষয়ে কোনো সিদ্ধান্ত গৃহীত হয় নি। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে, যতদিন বীর মুক্তিযোদ্ধা/ যুদ্ধাহত মুক্তিযোদ্ধা বা তার স্ত্রীসহ সন্তানদের নামের সাথে যৌথভাবে তাদের সন্তানদের অংশীদারিত্বে কোন হোল্ডিং থাকবে ততদিন উক্ত হোল্ডিংয়ে এবং অন্যান্য জেলাধীন বীর মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে তার স্থানীয় সরকার প্রতিষ্ঠানের পৌরকর মওকুফ সুবিধা নিচ্ছে না বলে প্রত্যয়ণ স্বাপেক্ষে পৌরকর মওকুফ সুবিধা প্রদান করা হবে। তবে মুক্তিযোদ্ধা/ তার স্ত্রীর নাম না থাকলে সে ক্ষেত্রে পোষ্যগণের নামে হোল্ডিং থাকলে পৌরকর মওকুফ সুবিধা প্রদান করা হবে না মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: কর নির্ধারন শাখা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## বিবিধ আলোচ্যসুচি- ৯(৩): খানপুর হাসপাতালের সামনে জনসভা করার অনুমতি প্রসঙ্গে।

আলোচনা: সহকারী সচিব (অঃদাঃ) জনাব মোহাম্মদ হান্নান মিয়া অনুমতিক্রমে জানান, জনাব আলহাজ্ব নিজাম উদ্দিন আহমেদ, আহবায়ক, সম্মেলন প্রস্তুতি কমিটি, আওয়ামী স্বেচ্ছাসেবক লীগ- গত ২৩/০৭/২০২৩খ্রিঃ তারিখে একটি আবেদন দাখিল করেছেন। তিনি জানিয়েছেন- আগামী ৩১/০৭/২০২০ইং তারিখ রোজঃসোমবার, বিকাল ৩:০০ ঘটিকার সময় নারায়ণগঞ্জ জেলা ও মহানগর আওয়ামী স্বেচ্ছাসেবকলীগের ত্রি-বার্ষীক

সম্মেলন অনুষ্ঠিত হবে। সম্মেলনের স্থান হিসেবে খানপুর হাসপাতালের সামনে (খানপুর ঈদগাঁ) এর রাস্তাটি নির্ধারিত হয়েছে। হাসপাতাল একটি সেবামূলক প্রতিষ্ঠান। সেখানে অনেক অসুস্থ রোগীরা সেবা নিতে আসে। বর্ণিত বিষয়ে ভবিষ্যতে এধরণের অনুষ্ঠানের অনুমতির জন্য একটি নীতিগত সিদ্ধান্ত প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে, হাসপাতালের সামনে বা সড়কে সভা সমাবেশ করার বিষয়টি পরবর্তিতে নিরুৎসাহিত করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে: প্রশাসন শাখা, পরিচ্ছন্ন শাখা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## বিবিধ আলোচ্যসুচি- ৯(৪): কুরবানীর পশুর হাট- ২০২৩ সম্পর্কিত আলোচনা।

আলোচনা: সভাপতি মহোদয় দুঃখ প্রকাশ করে বলেন- ১, ২০ ও ২৪ নং ওয়ার্ডে অস্থায়ী কুরবানীর পশুর হাট ২০২৩ বসানোর কারনে ইজারা প্রদানকৃত স্থানের মাঠগুলোর অবস্থা খুবই খারাপ। বর্ণিত মাঠগুলোকে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে কোটি টাকা ব্যয়ে সংস্কার করাসহ দৃষ্টিনন্দন করার ব্যবস্থা করা হয়েছিল। কিন্ত, অস্থায়ী কুরবানীর পশুর হাট ২০২৩ বসানোর কারনে উক্ত মাঠগুলোতে ইজারাদারগণ তাদের হাট সম্প্রসারন করে মাঠসহ নবনির্মিত লেক এর ক্ষতি সাধন করে। আগামীতে বর্ণিত ওয়ার্ড সমুহে অস্থায়ী কুরবানীর পশুর হাট ইজারা দেয়া হবে না। ১৯ ও ২৫ নং ওয়ার্ডে স্থায়ীভাবে হাট দেয়া হবে। কিন্তু সিটি কর্পোরেশন হতে নির্মিত/ সংস্কারকৃত মাঠে হাট ইজারা দেয়া হবে না।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে, সিটি কর্পোরেশনের উন্নয়ন বাধাগ্রস্থ হয় বা অবকাঠামোর ক্ষতি হয় এমন স্থানে অস্থায়ী পশুর হাট যাতে ইজারা না দেয়া হয় সে মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে: প্রশাসন শাখা, বাজার শাখা, হিসাব শাখা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## বিবিধ আলোচ্যসুচি- ৯(৫): জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম বিষয়ক আলোচনা।

আলোচনা: সভাপতি মহোদয় ২৪নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ আফজাল হোসেন এর কাছে জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ে জানতে চান। সে প্রেক্ষিতে তিনি জানান, সিটি কর্পোরেশন হতে অনেকদিন যাবৎ জন্ম ও মৃত্যু নিবন্ধনের জন্য পাসওয়ার্ড বন্ধ রাখা হয়েছে এবং ওটিপি দেয়া হচ্ছে না। এতে জন্ম ও মৃত্যু সনদ প্রদান করা সম্ভব হচ্ছে না। ফলে জনগনের দুর্ভোগ পোহাতে হচ্ছে। জন্ম ও মৃত্যু নিবন্ধন পাসওয়ার্ড দ্রুত চালু করার জন্য তিনি সভাপতি মহোদয়ের সদয় মর্জি কামনা করেন। তার প্রস্তাবের সাথে ২৭নং ওয়ার্ড কাউন্সিলর একমত প্রকাশ করেন। বর্নিত আলোচনার প্রেক্ষিতে সভাপতি মহোদয় সকলের উদ্দেশ্য করে জানতে চান- "জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম বন্ধ কেন রাখা হয়েছে সে কারন তাদের জানা আছে কি না?" সভাপতি মহোদয় বলেন- জনগণের কল্যাণের কথা বিবেচনা করে আপনাদের অনুকূলে জন্ম নিবন্ধনের ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রদান করা হয়েছিল। কিন্তু আপনারা সে ব্যাপারে ছিলেন উদাসীন। এছাড়াও গত ২৮/০৬/২০২৩খ্রিঃ তারিখে ২১ ও ২৪ নং ওয়ার্ডে জন্ম মৃত্যু নিবন্ধন নিয়ে জটিলতা দেখা দিলে সে প্রেক্ষিতে উক্ত ওয়ার্ডের কাউন্সিলরগণ কোনো পদক্ষেপ নেন নাই। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের দুইজন কর্মচারীকে DDLG অফিসে নিয়ে সারাদিন আটক করে রাখা হয়। মন্ত্রণালয় হতে ওয়ার্ড পর্যায়ে তদন্ত কমিটি আসে। এতে সিটি কর্পোরেশনের ভাবমূর্তি ক্ষুন্ন হয়। এভাবে চলতে দেয়া যায় না। ঢাকা সিটি কর্পোরেশনে জোনাল অফিস হতে জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ দেয়া হয়। জনদুর্ভোগ দূর করতে ও আপনাদের দাবীর প্রতি সম্মান জানিয়ে সকল ওয়ার্ডের জন্ম নিবন্ধন কার্যক্রম চালু করা হবে। তবে এ বিষয়ে কোন ধরনের অনিয়ম বরদাস্ত করা হবে না। আমি আশা করি কাউন্সিলরগণ এ বিষয়ে যথাযথ দায়িত্ব পালন করবেন এবং এই কাজের সাথে জড়িত ব্যক্তিদের অনিয়ম পরিলক্ষিত হলে তাদের বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।

সভাপতি মহোদয় আরো বলেন, সিটি কর্পোরেশন আইন, ২০০৯ এর চতুর্থ তফসিলের (৮)নং ক্রমিকের বিধি অনুযায়ী জন্ম বা মৃত্যুসহ অন্যান্য বিষয়াদীর উপর বিভিন্ন কর, উপকর, রেইট, টোল এবং ফিস নির্ধারণ করাসহ উক্ত আইনের অষ্টম তফসিলের (১)নং বিধি অনুযায়ী উপ-আইন প্রনয়ণ করার জন্য সিটি কর্পোরেশনকে সুযোগ দেয়া হয়েছে। সে হিসেবে স্থানীয় সরকারের প্রতিষ্ঠান হিসেবে জন্ম ও মৃত্যু নিবন্ধন ফী বাবদ আয়-ব্যয় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের উপর বর্তায়। কিন্তু, বর্তমানে অনলাইনে জন্ম মৃত্যু ফী গ্রহন করার কারনে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন সেই ফী প্রাপ্তি হতে বঞ্চিত হচ্ছে এবং এ সংক্রান্ত খরচের ব্যয়ভার বহন করছে। এভাবে চলতে দেয়া যায় না। জন্ম-মৃত্যু নিবন্ধন ফী নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কোষাগারে জমা দেয়ার বিষয়ে রেজিষ্ট্রার জেনারেল ও স্থানীয় সরকার বিভাগের নিকট দাবী অব্যাহত রাখা প্রয়োজন। বিগত ০৫ বছরে জন্ম-মৃত্যু নিবন্ধন খাতে আয়-ব্যয় নিম্নরুপ:

জন্ম নিবন্ধন খাতে আয় ও ব্যয় বিবরণী

| আয় | | | |
|---|---|---|---|
| অর্থ বছর | ফি বাবদ আয় | সরকারী অনুদান | মোট আয় |
| ২০১৮-১৯ | ১১,৪৬,৯০৫/- | -- | ১১,৪৬,৯০৫/- |
| ২০১৯-২০ | ৯,৫৬,৮৫০/- | ১,২০,০০০/- | ১০,৭৬,৮৫০/- |
| ২০২০-২১ | ৮,৬২,৮২৫/- | ১,৫০,০০০/- | ১০,১২,৮২৫/- |
| ২০২১-২২ | ৬০,৩১,২২৫/- | -- | ৬০,৩১,২২৫/- |
| ২০২২-২৩ | ৩৩,৪৭,১৫৫/- | ৪,৩০,০০০/- | ৩৭,৭৭,১৫৫/- |
| মোট | ১,২৩,৪৪,৯৬০/- | ৭,০০,০০০/- | ১,৩০,৪৪,৯৬০/- |

| ব্যয় | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| অর্থ বছর | কম্পিউটার মালামাল ক্রয় | ফ্যান ক্রয় | সনদ ছাপানো | আবেদনপত্র ফরম | রেজিষ্টার/কাগজ/ কলম ক্রয় | ষ্টাফ বেতন | মোট ব্যয় |
| ২০১৮-১৯ | ১১,৭৯৪/- | -- | -- | -- | -- | ৩৩,৮০,১৪৮/- | ৩৩,৯১,৯৪২/- |
| ২০১৯-২০ | ৪,৭০০/- | -- | -- | ১,২০,০০০/- | -- | ৩৫,৩৬,২৫৪/- | ৩৬,৬০,৯৫৪/- |
| ২০২০-২১ | ৬৩,৫০৭/- | ৮,৭৫২/- | ৪৬,৮০০/- | -- | -- | ৩৭,০৬,২২১/- | ৩৮,২৫,২৮০/- |
| ২০২১-২২ | ২,১৪,৯২৩/- | -- | -- | -- | ২,২৪,৬৪০/- | ৪০,১১,৩১০/- | ৪৪,৫০,৮৭৩/- |
| ২০২২-২৩ | ১০,৮৪৮/- | -- | --- | --- | ৪,১৬,৯৩০/- | ৪৩,২৩,৪৩৬/- | ৪৭,৫১,২১৪/- |
| মোট | ৩,০৫,৭৭২/- | ৮,৭৫২/- | ৪৬,৮০০/- | ১,২০,০০০/- | ৬,৪১,৫৭০/- | ১,৮৯,৫৭,৩৬৯/- | ২,০০,৮০,২৬৩/- |

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে, (১) জনদুর্ভোগ দূর করতে ও কাউন্সিলরগণের দাবীর প্রতি সম্মান জানিয়ে পুনরায় ওয়ার্ড পর্যায়ে জন্ম নিবন্ধন কার্যক্রম চালু করা হবে। তবে এ বিষয়ের সাথে জড়িত ও দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিদের অনিয়ম পরিলক্ষিত হলে তাদের বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে। (২) জন্ম-মৃত্যু নিবন্ধন ফি নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কোষাগারে জমা দেয়ার বিষয়ে রেজিষ্ট্রার জেনারেল ও স্থানীয় সরকার বিভাগের নিকট দাবী অব্যাহত রাখার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে: প্রশাসন বিভাগ, স্বাস্থ্য বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## বিবিধ আলোচ্যসুচি- ৯(৬): ডেঙ্গু জ্বরের বাহক এডিস মশা নিধন কার্যক্রম বিষয়ক আলোচনা।

আলোচনা: সভাপতি মহোদয় সকল সভাসদগণের উদ্দেশ্যে বলেন, বর্তমানে সারাদেশে ডেঙ্গু জ্বরের রোগীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। ১২, ১৩, ও ১৫ নং ওয়ার্ড কাউন্সিলরগণ ডেঙ্গু নিয়ন্ত্রনে খুব ভালো কাজ করে যাচ্ছে; এ বিষয়ে আপনাদের সকলের আরোও জোরালো কার্যক্রম পরিচালনা করতে হবে। ওয়ার্ড সচিবসহ ওয়ার্ড পর্যায়ে নিয়োজিত ৫জন মশক নিধন কর্মী নিয়ে নিয়মিত কাজ করতে হবে। এডিস মশার উৎপত্তিস্থল ধ্বংস করার জন্য বাড়ি বাড়ি গিয়ে অভিযান পরিচালনা করতে হবে। কারো বাসায় এডিস মশার লার্ভা অথবা উৎপত্তিস্থল পাওয়া গেলে প্রয়োজনে জরিমানা আদায় করতে হবে এবং এ বিষয়ে জন সচেতনতা বৃদ্ধি করতে হবে। আমাদের সিটি কর্পোরেশনে পর্যাপ্ত মশার ওষুধ আছে। মশক নিধনে প্রয়োজনে সাকলে ও বিকালে ০২ বার ওষুধ দিবেন। আপনারা খেয়াল রাখবেন যাতে খাল-বিলে কেউ কোনো ময়লা আবর্জনা ফেলতে না পারে। রাস্তাঘাট পরিস্কার পরিচ্ছন্ন রাখার দিকে ভালো করে মনোযোগ দিবেন। তাহলে নগরবাসী সুস্থভাবে জীবন যাপন করতে পারবে।

আলোচনার প্রেক্ষিতে ২৭ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ সিরাজুল ইসলাম সভাপতি মহোদয়কে ধন্যবাদ দিয়ে জানান- নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন থেকে মশক নিধনের জন্য যে ওষুধ দেয়া হচ্ছে তার মান খুবই ভালো। প্রতিদিন তিনি নিজে দাড়িয়ে থেকে মশার ওষুধ প্রয়োগ করান। তার ওয়ার্ডে কোনো ডেঙ্গুবাহিত রোগী নাই। ২৭ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ সিরাজুল ইসলাম এর আলোচনার সাথে সকল কাউন্সিলরগণ একমত প্রকাশ করেন এবং ১, ১৩, ১৫ ও ২৩নং ওয়ার্ডের কাউন্সিলরগণ একমত পোষন করে জানান- ডেঙ্গু'র সাথে কোনো আপোষ নয়। এডিস মশার উৎপত্তিস্থান ধ্বংস করনে ও বাড়িঘরসহ রাস্তাঘাট পরিস্কার পরিচ্ছন্ন রাখার ব্যাপারে জনসাধারনকে ওয়ার্নিং দেয়া হয়েছে। বাড়ি বাড়ি গিয়ে সচেতনতামূলক লিফলেট বিতরণ করাসহ জরিমানা করা হচ্ছে। তবে নিয়মিত কার্যক্রমের পাশাপাশি ফগার মেশিন দিয়ে ওষুধ দিলে আরো ভালো ফল পাওয়া যেতে পারে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশেনের প্রত্যেক ওয়ার্ডের কাউন্সিলরগণ এডিস মশার উৎপত্তিস্থল ধ্বংস করনে মোবাইল কোর্ট পরিচালনা কার্যক্রমসহ মশক নিধন কার্যক্রমে সক্রিয় ভুমিকা পালন করাসহ বাড়ি বাড়ি গিয়ে জনসাধারণকে সচেতন করার জন্য সহযোগীতা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে: ওয়ার্ড কাউন্সিলর (সকল), প্রশাসন বিভাগ, স্বাস্থ্য বিভাগ, পরিচ্ছন্ন শাখা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## বিবিধ আলোচ্যসুচি- ৯(৭): বিজ্ঞাপন কর বৃদ্ধিকরণ প্রসঙ্গে।

আলোচনা: নগর পরিকল্পনাবিদ জনাব মোঃ মইনুল ইসলাম অনুমতিক্রমে জানান- জনাব মুহাম্মদ আরশেদুল আলম বাচ্চু, ম্যানেজিং পার্টনার, এ্যাড ফ্রেম, ৩০১-৩০২ সেন্ট্রাল প্লাজা (৪র্থ তলা), জিইসি সার্কেল, চট্টগাম-কে চাষাড়া মোড়ে অবস্থিত ২টি ডিজিটাল এলইডি সাইনবোর্ড (১৬´×৮´×২´ =২৫৬ বর্গফুট) অনুমোদন দেয়া হয়। প্রতিষ্ঠানটি বিজ্ঞাপন কর বাবদ বাৎসরিক =৭৬,৮০০/- (ছিয়াত্তর আটশত) টাকা সিটি কর্পোরেশনকে প্রদান করে থাকে। বর্তমানে সিটি কর্পোরেশনের প্রশাসনিক ব্যয় বৃদ্ধি পাওয়ার কারণে বিজ্ঞাপন ফি বৃদ্ধি করা যেতে পারে। পুর্বে প্রতি বর্গফুট ৩০০/- টাকা ধার্য্য করা ছিল। বর্তমানে তা বৃদ্ধি করে =১০০০/- (এক হাজার) টাকা ধার্য্য করা যেতে পারে। এই বোর্ডটিতে সিটি কর্পোরশেনের বিভিন্ন ধরনের প্রচারণা সরকারী বিভিন্ন সংস্থা বা সিটি কর্পোরেশনের বিশেষ প্রয়োজনে সরকার কর্তৃক ঘোষিত বিশেষ দিন অথবা জাতীয় দিবসে সাময়িকভাবে জনসচেতনতামূলক বিজ্ঞাপন/ স্লোগান/ ভিডিও/ ডকুমেন্টারী প্রচার করতে হবে মর্মে উক্ত প্রতিষ্ঠানের সাথে ০৫ (পাঁচ) বছর মেয়াদি একটি চুক্তি সম্পাদন করা যেতে পারে। উল্লেখ্য, বোর্ডটিতে সরবরাহকৃত বিদ্যুৎবিল ও রক্ষনাবেক্ষনসহ সার্বিক নিরাপত্তা বর্ণিত প্রতিষ্ঠান কর্তৃক নিশ্চিত করা হবে। এছাড়াও সিটি কর্পোরেশনের নির্দেশ মোতাবেক প্রয়োজনীয় যেকোন সময় বোর্ড ২টি অপসারণ করা হবে মর্মে সিটি কর্পোরেশনের মাসিক সাধারণ সভায় বিষয়টি উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে, বিজ্ঞাপন কর ৫০০/- (পাঁচ শত) টাকা বৃদ্ধি করার বিষয়টি সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।
বাস্তবায়নে: নগর পরিকল্পনা শাখা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## বিবিধ আলোচ্যসুচি- ৯(৮): সিনেস্কোপ (সিনেমা থিয়েটার) করোনা কালীন বকেয়া ভাড়া পরিশোধ/ হালনাগাদ করণ প্রসঙ্গে।

আলোচনা: নগর পরিকল্পনাবিদ জনাব মোঃ মইনুল ইসলাম অনুমতিক্রমে জানান- জনাব মোহাম্মদ নুরুজ্জামান, স্বত্বাধীকারী, সিনেস্কোপ, ৬৩/১ নবাব সলিমুল্লাহ রোড, নারায়ণগঞ্জ এর সাথে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন যৌথভাবে সিনেমা হল/ থিয়েটার স্থাপনের জন্য প্রস্তাব দাখিল করেন। সেই প্রেক্ষিতে, বিগত ১২ মে, ২০১৯ইং তারিখে উভয় পক্ষের সাথে ০৫ বছর মেয়াদি একটি চুক্তিপত্র স্বাক্ষরিত হয়। চুক্তিপত্রের ৩নং ধারা মোতাবেক উল্লেখ থাকে যে, সিনেমা থিয়েটার পরিচালনার জন্য প্রথম ০৬ মাস স্পেসের ভাড়া বা টিকিট থেকে প্রাপ্ত অর্থ সিটি কর্পোরেশনকে পরিশোধ করতে হবেনা। ইতোমধ্যে ২০১৯ সালের ডিসেম্বর, জানুয়ারি, ফেব্রুয়ারি, মার্চ প্রায় ০৪ মাস সিনেমা হল ভাড়া বকেয়া হয়। পরবর্তীতে সারাদেশে কোভিড-১৯ মহামারী আকার ধারন করলে সরকার গত ২৬ মার্চ ২০২০ তারিখে সমস্ত হল/ থিয়েটার বন্ধ ঘোষণা করেন এবং ২৩ অক্টোবর ২০২১ইং তারিখে সমস্ত হল/ থিয়েটার সরকার খোলা রাখার নির্দেশনা প্রদান করা হয়। গত ২০/০৮/২০২০ইং তারিখে ৪৬.১৬.০০০০.০০৪.২৫(২).০৩৩.২০/৪৪৪(৪) নং স্মারকে সিটি কর্পোরশেন কর্তৃক বিগত ০১ এপ্রিল ২০২০ হতে পরবর্তী ০৬ মাস পর্যন্ত সিনেমা হলটি বিনা ভাড়ায় পরিচালনা করার জন্য অনুমতি প্রদান করা হয়। কিন্তু নভেম্বর ২০২১ হতে জুলাই ২০২৩ পর্যন্ত প্রায় ২১ মাস সহ মোট ২৫ মাসের ভাড়া বকেয়া হয়। যার মোট বকেয়া ভাড়া ১৫,০০০×২৫=৩,৭৫,০০০/- (তিন লক্ষ পঁচাত্তর হাজার) টাকা প্রায়। এছাড়াও টিকিটের প্রবেশ মুল্য থেকে প্রাপ্ত ১০% কর, ১০% ভ্যাট এবং ডিপিডিসির বিদ্যুৎ বিল সময় মতো পরিশোধ করার নির্দেশনা রয়েছে। এমতাবস্থায়, সিটি কর্পোরেশনের বকেয়া ভাড়া =৩,৭৫,০০০/- (তিন লক্ষ পঁচাত্তর হাজার) টাকা এবং টিকিটের প্রবেশমুল্য থেকে প্রাপ্ত কর, ১০% ভ্যাট এবং ডিপিডিসির বিদ্যুৎ বিল আগামী ১৫(পনের) দিনের মধ্যে পরিশোধ করার বিষয়টি সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে, সিনেস্কোপ (সিনেমা থিয়েটার) করোনা কালীন বকেয়া ভাড়া পরিশোধ/ হালনাগাদ করার বিষয়ে তাদেরকে পত্র দিয়ে বকেয়া ভাড়া পরিশোধের জন্য নির্দেশনা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে: নগর পরিকল্পনা শাখা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## বিবিধ আলোচ্যসুচি- ৯(৯): ১১ নং ওয়ার্ড পানির কল সড়কস্থ ACI ফ্যাক্টরীর গেট সংলগ্ন স্টীলের সেড ভাড়া প্রদান প্রসঙ্গে।

আলোচনাঃ সহকারী সচিব জনাব মোহাম্মদ হান্নান মিয়া জানান, ১১ নং ওয়ার্ড পানির কল সড়কস্থ ACI ফ্যাক্টরীর গেট সংলগ্ন সিটি কর্পোরেশন নির্মিত প্রায় ৩০০০ বর্গফুটের ১টি স্টীলের সেড অব্যবহৃত অবস্থায় আছে। সেডটি ভাড়া পাওয়ার জন্য জনাব মনির উদ্দিন খন্দকার ৩৫/১ মোকরবা রোড, নারায়ণগঞ্জ আবেদন করেন এর প্রেক্ষিতে ভাড়ার প্রস্তাব দাখিল সংক্রান্ত কমিটি প্রতিবেদন দাখিল করে। উক্ত প্রতিবেদনে প্রতি বর্গফুটের মাসিক ভাড়া ৬/- টাকা হিসাবে ৩০০০×৬= ১৮,০০০/- টাকা প্রস্তাব করে। অব্যবহৃত থাকায় স্পেসটি ক্ষতিগ্রস্থ হচ্ছে। সভায় ভাড়ার প্রস্তাবটি নিয়ে আলোচনা করা হয়। সভায় স্থাপনার ক্ষতিরোধকল্পে ও রাজস্ব আয়ের স্বার্থে বর্ণিত হারে অস্থায়ীভাবে ভাড়া প্রদানের জন্য একমত পোষন করা হয়।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে, সিটি কর্পোরেশনের রাজস্ব আয়ের স্বার্থে ও সেডের ক্ষতিরোধ কল্পে প্রতি বর্গফুট ৬/- টাকা হারে ৩০০০×৬= ১৮,০০০/- টাকা মাসিক ভাড়া প্রদানের জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
বাস্তবায়নে: দোকান ভাড়া ও মার্কেট সেলামী আদায় শাখা, হিসাব বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**বিবিধ আলোচ্যসুচি- ৯(১০): পদ্ম সিটি প্লাজা-৫ এর ৩য় তলার দোকান ভাড়া নির্ধারণ সংক্রান্ত।**

আলোচনাঃ সহকারী সচিব জনাব মোহাম্মদ হান্নান মিয়া জানান গত ০৮/০৪/২০২১ তারিখের দোকান বরাদ্দ কমিটির সভায় মহিম গাঙ্গুলী রোডস্থ পদ্ম সিটি প্লাজা-৫ এর দোকানের ভাড়ার হার বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত হয় "ভবনের কোন দোকান অবরাদ্দ থাকলে বেইজমেন্ট ফ্লোরে প্রতি বর্গফুট ২০/-টাকা, নীচতলায় ৩৫/- টাকা, ২য় তলায় ২৫/- টাকা হারে অস্থায়ী মাসিক ভাড়া প্রদানের সুপারিশ হয়"; যা কর্তৃপক্ষ অনুমোদন করে। সহকারী সচিব আরো জানান, উক্ত স্থাপনার ৩য় তলায় ৩৯টি দোকান নির্মাণ করা হয়েছে। ৩য় তলার দোকানগুলোর অস্থায়ী ভাড়া নির্ধারণ করা প্রয়োজন। এ বিষয়ে দোকান বরাদ্দ কমিটির ০৮/০৪/২০২১ তারিখের সভায় গৃহীত ভাড়ার হার পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে ৩য় তলায় দোকানের প্রতি বর্গফুটের ভাড়া ২০/- টাকা ধার্য্য করার মতামত প্রদান করা হয়।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে, পদ্ম সিটি প্লাজা-৫ এর ৩য় তলায় দোকানের প্রতি বর্গফুটের অস্থায়ী মাসিক ভাড়া ২০/- টাকা নির্ধারণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
বাস্তবায়নে: দোকান ভাড়া ও মার্কেট সেলামী আদায় শাখা, হিসাব বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**বিবিধ আলোচ্যসুচি- ৯(১১): নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের পঞ্চবার্ষিক এসেসমেন্ট ও অর্ন্তবর্তী এসেসমেন্টে ধার্য্যকৃত বার্ষিক মুল্যায়ণের আপিল নিস্পত্তি প্রসঙ্গে।**

আলোচনা: এনসিসি এর সিদ্ধিরগঞ্জ (ওয়ার্ড নং: ১-৯) ও কদমরসুল অঞ্চলে (ওয়ার্ড নং: ১৯-২৭) পঞ্চবার্ষিক এসেসমেন্ট কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে ২০২২-২০২৩ হতে ২০২৬-২০২৭ অর্থবছরের পঞ্চবার্ষিক এসেসমেন্ট মাঠ জরীপ সম্পন্ন করে সিটি কর্পোরেশন পরিষদের ৫ম সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্তক্রমে বিবিধ স্থাপনার প্রতি বর্গফুটের বার্ষিক মুল্যায়ন রেইট নির্ধারণ করা হয়েছে এবং সে মোতাবেক মাঠ পর্যায়ে জরীপকৃত স্থাপনাসমুহের বার্ষিক মুল্যায়ন ও বার্ষিক পৌরকর নির্ধারণ করে সিটি কর্পোরেশন (ট্যাক্সেশন) বিধিমালা, ১৯৮৬ এর ২৪(২) ধারার নোটিশ জারির মাধ্যমে হোল্ডিং মালিক পক্ষকে অবহিত করা হচ্ছে এবং যে সকল হোল্ডিং মালিকগণ আরোপিত পৌরকর নিয়ে সন্তুষ্ট হননি তাদের কে সিটি কর্পোরেশন (ট্যাক্সেশন) বিধিমালা, ১৯৮৬ এর বিধি ৭(১) ও ৭(২) অনুসারে ধার্যকৃত বার্ষিক মুল্যায়নের উপর আপিল আবেদন দাখিল করছেন এবং সর্বশেষ নোটিশ জারির ০১ (এক) মাস পরবর্তী সময় পর্যন্ত উক্ত আপিল আবেদন গ্রহণ করা হবে। সিটি কর্পোরেশন পরিষদ কর্তৃক সর্বশেষ আবেদন বিবেচনার জন্য সভায় আলোচনা হয়।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে, আপিলকৃত হোল্ডিং সমুহে ট্যাক্সেশন বিধি মোতাবেক রিভিউ বোর্ডের মাধ্যমে ধার্য্যকৃত বার্ষিক মুল্যায়ণের সর্বোচ্চ ২০% হ্রাস করে চুড়ান্ত মুল্যায়ণ এবং উক্ত মুল্যায়ণের উপর নির্ধারিত ১৭% হারে পৌরকর ধার্য্য করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে: কর নির্ধারণ ও আদায় শাখা, হিসাব বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**বিবিধ আলোচ্যসুচি- ৯(১২): নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কঠিন বর্জ্য সংগ্রহ, অপসারণ ও ব্যবস্থাপনার জন্য Extended Solid Waste Landfill Site নির্মাণের নিমিত্ত জালকুড়ি মৌজার ১১.৬২০০ একর ভূমি এবং ১৩, ১৪ ও ২৩নং ওয়ার্ডে পাবলিক প্লেস (গণপরিসর) নির্মাণের নিমিত্ত তফসিল বর্ণিত ৬.৬৯০০ একর ব্যক্তিমালিকানাধীন ভূমি অধিগ্রহণ বিষয়ক অলোচনা ।**

আলোচনা: মো: কালাম মোল্লা, উপ-সহকারী প্রকৌশলী জানান যে, শিল্প ও বাণিজ্যিক নগরী খ্যাত প্রায় ৭২.৪৩ বর্গকিঃমিঃ এলাকা বিশিষ্ট নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন একটি জন ঘনত্ব সম্পন্ন নগরী। এখানে প্রায় ২০ লক্ষাধিক লোক বসবাস করে এবং প্রায় ২৫০০ শিল্প প্রতিষ্ঠান ও কলকারখানা রয়েছে। নগরীর গৃহস্থালী, হাট-বাজার,হোটেল, রেষ্টুরেন্ট, শিল্প প্রতিষ্ঠান ও কলকারখানা হতে উৎপাদিত দৈনিক প্রায় ৬০০ মেট্রিক টন বর্জ্য অপসারণ ও প্রক্রিয়াজাত করণে সিটি কর্পোরেশনের ৯ নং ওয়ার্ড জালকুড়িতে Dumping Landfill Site নির্মাণের জন্য ২৩.২৯০০ একর ভূমি অধিগ্রহন করা হয়। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী বর্জ্য নির্ভর পাওয়ার প্ল্যান্ট স্থাপনের লক্ষ্যে বিদ্যুৎ বিভাগকে বর্ণিত প্রকল্প হতে ১০.০০ একর ভূমি প্রদান করায় জনসংখ্যার ক্রমবর্ধমান নারায়ণগঞ্জ নগরীর জন্য বর্তমানে যে অবশিষ্ট ১৩.২৯০০ একর Dumping

Landfill Site রয়েছে শিল্পঘণ ও বাণিজ্যিক নগরীখ্যাত নারায়ণগঞ্জের জন্য তা অপ্রতুল ও অপর্যাপ্ত। পরিবেশ বান্ধব, সহজ এবং কার্যকর পদ্ধতিতে উৎপাদিত বর্জ্য সংগ্রহ, অপসারণ ও ব্যবস্থাপনার জন্য বিস্তর জায়গার প্রয়োজন। এ মুহূর্তে বিদ্যমান ১৩.২৯০০ একর Dumping Landfill Site সম্প্রসারণের জন্য অধিগ্রহণ করা না হলে নগরায়ণের এ সময়ে ভবিষৎতে Solid Waste Landfill Dumping Site এর জন্য উপযুক্ত জায়গা না পাওয়ার সম্ভবনা রয়েছে। তৎপ্রেক্ষিতে (ক) জালকুড়িস্থ বিদ্যমান Solid Waste Dumping Site সম্প্রসারণের লক্ষ্যে তফসিল বর্ণিত ১১.৬২০০ একর এবং (খ) জনবহুল নারায়ণগঞ্জ নগরবাসীর চাহিদা ও নাগরিক সেবা নিশ্চিত করণের লক্ষে পাবলিক প্লেস (গণপরিসর) উন্মুক্ত পার্ক, খেলার মাঠ, জনগণের চিত্তবিনোদনের জন্য ১৩,১৪ ও ২৩নং ওয়ার্ডে ৬.৬৯০০ একর ভূমি অধিগ্রহণ প্রয়োজন ।

তফসিল (ক)

মৌজা-জালকুড়ি, থানা-সিদ্ধিরগঞ্জ, জেলা-নারায়ণগঞ্জ।

| ক্রমিক নং | খতিয়ান | আর.এস দাগ | পরিমান(একর) | শ্রেণী | ক্রমিকনং | খতিয়ান | আর.এস দাগ | পরিমান(একর) | শ্রেণী |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ১১৭৯ | ৭৩২ | ০.০৭ | নাল | ২০ | ১১৯৩ | ১৫৬৩ | ১.৩০ | নাল |
| ২ | ১০৫৯ | ৭৩৩ | ০.৩৫ | নাল | ২১ | ১১৯৩ | ১৫৬৪ | ০.৪১ | নাল |
| ৩ | ৭৪০ | ৭৩৪ | ০.১৬ | নাল | ২২ | ৩১৮ | ১৫৬৫ | ০.১২ | নাল |
| ৪ | ৭২৯ | ৭৩৫ | ০.৫৪ | নাল | ২৩ | ১২৫ | ১৫৬৬ | ০.৩৮ | নাল |
| ৫ | ১১৯০ | ১৫৪৬ | ০.৩০(অংশ) | নাল | ২৪ | ৭২৯ | ১৫৬৭ | ০.৩২ | নাল |
| ৬ | ১১১১ | ১৫৪৭ | ০.২৭ | নাল | ২৫ | ৭২১ | ১৫৬৮ | ০.১৩ | নাল |
| ৭ | ১০৬৯ | ১৫৪৮ | ০.১৬ | নাল | ২৬ | ২৫০ | ১৫৬৯ | ০.১৩ | নাল |
| ৮ | ৯০৫ | ১৫৪৯ | ০.৪৬ | নাল | ২৭ | ৭২১ | ১৫৭০ | ০.১২ | নাল |
| ৯ | ৯০৫ | ১৫৫০ | ০.৩৭ | নাল | ২৮ | ১০৬৯ | ১৫৭১ | ০.১২ | নাল |
| ১০ | ৯০৫ | ১৫৫১ | ০.১৯ | নাল | ২৯ | ১২১৪ | ১৫৭৩ | ০.১৪ | নাল |
| ১১ | ৯০৫ | ১৫৫২ | ০.২২ | নাল | ৩০ | ৮৮৬ | ১৫৭৪ | ০.২০ | নাল |
| ১২ | ৯০৫ | ১৫৫৩ | ০.৪২ | নাল | ৩১ | ৭২৯ | ১৫৭৫ | ০.৫৬ | নাল |
| ১৩ | ১২৩৫ | ১৫৫৬ | ০.৩৬ | নাল | ৩২ | ১০৫২ | ১৫৭৬ | ০.০৫ | নাল |
| ১৪ | ১২৩৫ | ১৫৫৭ | ১.০৪ | নাল | ৩৩ | ১২৬০ | ১৫৭৭ | ০.০৭ | নাল |
| ১৫ | ৯৪৫ | ১৫৫৮ | ০.২৭ | নাল | ৩৪ | ১২৬০ | ১৫৭৮ | ০.০৭ | নাল |
| ১৬ | ৯৪৫ | ১৫৫৯ | ০.২৪ | নাল | ৩৫ | ৩৩২ | ১৫৭৯ | ০.২২ | নাল |
| ১৭ | ৯৪৫ | ১৫৬০ | ০.২৮ | নাল | ৩৬ | ৫০৩ ,৫০৫ | ১৫৮০ | ০.৩৫ | নাল |
| ১৮ | ৯৪৫ | ১৫৬১ | ০.১০ | নাল | ৩৭ | ৫০৫ | ১৫৮১ | ০.০৮ | নাল |
| ১৯ | ৯৪৫ | ১৫৬২ | ০.১০ | নাল | ৩৮ | ৪৪৮ | ১৫৮২ | ০.৯৫ | নাল |
| | | | | | | | মোট | ১১.৬২০০(একর) | |

তফসিল (খ)

| ওয়ার্ড | মৌজার নাম ও জেএল নম্বর | আর.এস খতিয়ান | আর.এস দাগ | পরিমান(একর) | শ্রেণী |
|---|---|---|---|---|---|
| ১৩ | মাসদাইর ও ৩৪ | ৬৮০ | ১৮৬ | ০.৬২০০ | ডোবা |
| ১ ৪ | বড় দেওভোগ ও ৩৭ | ৩৭১,৭৮৪,৭৮,৩০৩,৯৪,৭৩১ | ১৫১০ | ৩.৮৭০০ | পুকুর |
| | দেওভোগ 'ম ' খন্ড ও ০৭ | ২৯৭ | ২৩৫ | ১.২৪০০ | পুকুর |
| ২৩ | বন্দর কৃষ্ণপুরা ও ৫১ | ১৩,১৭,১৮ | ৫০,৫১,৫২ | ০.৯৬০০ | পুকুর |
| | | | মোট | ৬.৬৯০০ | |

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে, (ক) নগরীকে সুন্দর ও পরিচ্ছন্ন রাখতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশর বদ্ধপরিকর। পরিকল্পিত নগরী গড়ার লক্ষ্যে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কঠিন বর্জ্য সংগ্রহ,অপসারণ ও ব্যবস্থাপনার জন্য বিদ্যমান Extended Solid Waste Landfill Site নির্মাণের নিমিত্ত জালকুড়ি মৌজায় ১১.৬২০০ একর এবং (খ) মানসম্মত নাগরিক সেবা প্রদানের পাশাপাশি শিশুর শারিরীক ও মানসিক বিকাশের লক্ষে শিশুবান্ধব সেবা প্রদান,শিশুদের জন্য পার্ক ও বিনোদন কেন্দ্র অর্থাৎ পাবলিক প্লেস (গণপরিসর)নির্মাণে নিমিত্ত ১৩, ১৪ ও ২৩নং ওয়ার্ডে তফসিল বর্ণিত ৬.৬৯০০ একর ভূমি বিধিমোতাবেক অধিগ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে : সম্পত্তি বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

বিবিধ আলোচ্যসুচি-৯ (১৩): পাইকপাড়া মিউচুয়াল ক্লাবের তত্বাবধায়ক এর সম্মানী ভাতা বৃদ্ধিকরণ প্রসঙ্গে।

আলোচনা: সহকারী সচিব (অঃদাঃ) জানান, পাইকপাড়া মিউচুয়াল ক্লাবটি জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতি বিজড়িত একটি গুরুত্বপুর্ন স্থাপনা হওয়ায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের মাধ্যমে পুনঃনির্মাণ করা হয়। উক্ত ক্লাবটিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অনেক দুর্লভ স্মৃতি বিজরিত ছবি ও তথ্য উপাত্ত রক্ষণাবেক্ষণের জন্য উক্ত ক্লাবের তত্বাবধায়ক পদে গত ১৫/০১/২০২৩ তারিখের আবেদনের প্রেক্ষিতে জনাব ফরিদা ইয়াসমিন, সাং: ১৪০, শাহসুজা রোড, পাইকপাড়া, নারায়ণগঞ্জ-কে মাসিক ১৫,০০০/- (পনের হাজার) টাকা সম্মানীতে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করার সিদ্ধান্ত হয়। কিন্তু বিগত সভায় ভুলক্রমে ১৫,০০০/- (পনের হাজার) টাকার স্থলে ১০,০০০/- (দশ হাজার) টাকা অনুমোদিত হয়।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে, পাইকপাড়া মিউচুয়াল ক্লাবে অস্থায়ী ভিত্তিতে নিয়োজিত ক্লাব তত্বাবধায়ক জনাব ফরিদা ইয়াসমিন এর মাসিক সম্মানী ১৫,০০০/- (পনের হাজার) টাকা নির্ধারণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।
বাস্তবায়নে: হিসাব শাখা, এনসিসি।

উপরোক্ত আলোচনা ছাড়াও সভাপতি মহোদয় সকলের উদ্দেশ্যে বলেন- বকেয়া পৌরকরের ব্যাপারে কাউন্সিলরদের সহযোগীতা প্রয়োজন। সামাজিকভাবে সবাইকে সক্রিয় হতে হবে। শহরকে সব সময় পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ও তাদের সু-স্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ডা. সেলিনা হায়াৎ আইভী
মেয়র
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

স্মারক নং-৪৬.১৬.০০০০.০০৪.০৬(২৩).০৬৯.২২/ তারিখ: /০৭/২০২৩ খ্রিঃ

সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৩। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
৪। তত্বাবধায়ক প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৫। জনাব ---------------------------------------------- কাউন্সিলর, সংরক্ষিত/ সাধারণ ওয়ার্ড নং ---------- , নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৭। নির্বাহী প্রকৌশলী, পানি ব্যবস্থাপনা বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৮। প্রকল্প পরিচালক, আরবান প্রাইমারী হেলথ কেয়ার সেন্টারসমূহ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৯। ------------------------------------------------------------------------------------------------------------ নারায়ণগঞ্জ।
১০। -----------------------------------------বিভাগ/শাখা, নারায়ণগঞ্জ/সিদ্ধিরগঞ্জ/কদমরসুল অঞ্চল, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১১। অফিস কপি/ গার্ড নথি, প্রশাসন শাখা ।

মোহাম্মদ হান্নান মিয়া
সহকারী সচিব (অঃদাঃ)
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

পরিশিষ্ট - (ক)

এনসিসি এর মাসিক সাধারণ সভায় উপস্থিত মাননীয় মেয়র, সম্মানীত কাউন্সিলর ও কর্মকর্তাবৃন্দের তালিকা: (স্বাক্ষরের ক্রমানুসারে)

(ক) উপস্থিত কাউন্সিলরবৃন্দ :

| | | | |
|---|---|---|---|
| ১) | ডা. সেলিনা হায়াৎ আইভী | মেয়র | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ২) | জনাব শাহজালাল | প্যনেল মেয়র-২ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৩) | জনাব শারমিন | প্যনেল মেয়র-৩ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৪) | জনাব মাকসুদা মোজাফফর | কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-১ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৫) | জনাব মনোয়ারা বেগম | কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-২ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৬) | জনাব মোসাম্মৎ আয়শা আক্তার | সংরক্ষিত, কাউন্সিলর ওয়ার্ড-৩ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৭) | জনাব মিনোয়ারা বেগম | সংরক্ষিত, কাউন্সিলর ওয়ার্ড-৪ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৮) | জনাব আফসানা আফরোজ | সংরক্ষিত, কাউন্সিলর ওয়ার্ড-৫ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৯) | জনাব শিউলী নওশাদ | সংরক্ষিত, কাউন্সিলর ওয়ার্ড-৭ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ১০) | জনাব শাওন অংকন | কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-৮ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ১১) | জনাব সানিয়া আক্তার | কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-৯ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ১২) | জনাব হাজী মোঃ আনোয়ার ইসলাম | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-১ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ১৩) | জনাব মোঃ নুরউদ্দিন মিয়া | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-৪ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ১৪) | জনাব মোঃ মিজানুর রহমান খান | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-৭ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ১৫) | জনাব রুহুল আমিন মোল্লা | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-৮ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ১৬) | জনাব ইফতেখার আলম খোকন | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-১০ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ১৭) | জনাব মোঃ অহিদুল ইসলাম | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-১১ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ১৮) | জনাব মোহাম্মদ শওকত হাসেম | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-১২ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ১৯) | জনাব মাকছুদুল আলম খন্দকার খোরশেদ | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-১৩ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ২০) | জনাব মনিরুজ্জামান মনির | কাউন্সিলর, সাধারণ ওয়াড-১৪ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ২১) | জনাব অসিত বরন বিশ্বাস | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-১৫ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ২২) | জনাব মোঃ কামরুল হাসান মুন্না | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-১৮ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ২৩) | জনাব মোঃ মোখলেছুর রহমান চৌধুরী | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-১৯ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ২৪) | জনাব শাহেনশাহ আহম্মেদ | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-২০ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ২৫) | জনাব মোঃ শাহীন মিয়া | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-২১ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ২৬) | জনাব সুলতান আহম্মেদ ভূঁইয়া | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-২২ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ২৭) | জনাব আবুল কাউছার | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-২৩ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ২৮) | জনাব মোঃ আফজাল হোসেন | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-২৪ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ২৯) | জনাব মোঃ এনায়েত হোসেন | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-২৫ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৩০) | জনাব মোঃ সামসুজ্জোহা | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-২৬ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |

(খ) অনুপস্থিত কাউন্সিলরবৃন্দ :

| | | | |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ ইকবাল হোসেন | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-২ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ২. | জনাব গোলাম মুহাম্মদ সাদরিল | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-৫ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৩. | জনাব মোঃ মতিউর রহমান | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-৬ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৪. | জনাব ইস্রাফিল প্রধান | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-৯ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৫. | জনাব মোঃ রিয়াদ হাসান | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-১৬ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৬. | জনাব মোঃ সিরাজুল ইসলাম | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-২৭ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |

(গ) উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা :

| ক্র. নং | নাম | পদবী | প্রতিষ্ঠান |
|---|---|---|---|
| ১. | জনাব মো: আব্দুল আজিজ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ২. | জনাব মো: হেমায়েত হোসেন | প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (চ.দা.) | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৩. | জনাব এস এম মাসুদ পারভেজ | নির্বাহী প্রকৌশলী, পানি সরবরাহ বিভাগ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৪. | জনাব মো: ইসমাইল চৌধুরী | নির্বাহী প্রকৌশলী | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৫. | জনাব মোঃ মঈনুল ইসলাম | নগর পরিকল্পনাবিদ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৬. | জনাব মোহাম্মদ হান্নান মিয়া | সহকারী সচিব (অ.দা.) | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৭. | জনাব ডাঃ নাফিয়া ইসলাম | মেডিকেল অফিসার | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |